

অনন্য নজির, বিরল দৃশ্য

মহা-উৎসবে প্রায় সাড়ে
চার কোটি শিক্ষার্থীর
হাতে বিনা মূল্যে প্রায়
পৌনে ৩৩ কোটি বই
প্রতিবছরই নতুন করে
বিশ্বেরকর্ড
ছয় বছরে ১৫৬ কোটি
বই বিতরণ
এবার দৃষ্টিপ্রতিবন্ধীরাও
পেল ব্রেইল বই

শরীফুল আলম সুমন ▶

বড়ার শাজাহানপুর উপজেলায় গতকাল বৃহস্পতিবার ছিল প্রচণ্ড শীত আর কুয়াশা। তাই শারীরিক প্রতিবন্ধী ছেলেকে নিয়ে বের হতে চাচ্ছিলেন না মা আমেনা বেগম। কিন্তু ছেলের উদ্ভাসের কাছে হার মানতে হয় তাঁকে। ছেলেকে কোলে নিয়ে সকাল সাড়ে ১০টায় পৌঁছেন স্কুলমাঠে। সেখানে শিশুদের হাতে বই তুলে দিচ্ছেন শিক্ষক ও স্কুল পরিচালনা পর্ষদের সদস্যরা। প্রতিবন্ধী শিশুটিকে মাঠের কোণে মায়ের কোলে দেখে অন্যদের কথা ভুলে যান তাঁরা। ওকে আগে ডেকে নেন কাছে। কারণ আতিকুর রহমান নামের এই প্রতিবন্ধী শিশুটিই এবার এই স্কুলে দ্বিতীয় শ্রেণিতে প্রথম স্থান অধিকার করেছে। নিজ হাতে চিকমতো বই ধরতে না পারলেও মায়ের হাতে নতুন বই দেখে খুশির অস্ত নেই আতিকের। মা বই নিয়ে ছেলের হাতে স্পর্শ করান। আতিকের চোখেমুখে পরম প্রাণ্ডির আভা। এ দৃশ্য দেখে উপস্থিত অনেকের চোখের কোণে টলমল করে অশ্রুবিন্দু। এমন দৃশ্য সারা বিশ্বের কোথাও ঘটে না—এ কথা বলা যায় ▶▶ পৃষ্ঠা ৮ ক. ১